

নভেম্বর 4, 2024

ড্রেস কোড ক্রুসেডার থেকে অঙ্গরাজ্যের উপদেষ্টা পর্যন্ত হলো Lakeside High-এর সিনিয়র

নভেম্বরে যখন 2024-2025 মেয়াদের [স্টেট স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল](#) প্রথমবারের মতো আহ্বান করা হবে, তখন Lakeside High School-এর সিনিয়র Anna Katz জর্জিয়ার শিক্ষার ভবিষ্যৎ গঠনকারী ব্যক্তিদের মধ্যে থাকবে। স্টেট স্কুল সুপারিনটেনডেন্ট Richard Woods কর্তৃক অঙ্গরাজ্যব্যাপী 74 জন শিক্ষার্থীর মধ্যে একমাত্র হিসাবে নির্বাচিত Anna এবছর কাউন্সিলে শুধু তার স্কুল নয়, সমগ্র DeKalb County School District (DCSD)-এর প্রতিনিধিত্ব করবে।

"আমি খুব উদ্বীপ্ত ছিলাম," Anna তার অ্যাপয়েন্টমেন্টের কথা জানার বিষয়টি স্বরণ করে। "আমি অবিলম্বে সভায় যেসব বিষয় নিয়ে আসতে চেয়েছিলাম সেগুলো সম্পর্কে ভাবতে শুরু করি।"

অ্যাডভোকেসির প্রতি Anna-এর আবেগ তার দ্বিতীয় বছরে DCSD-এর ড্রেস কোড নীতির বিষয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করার সময় বৃদ্ধমূল হয়। বিদ্যমান নিয়মাবলী আধুনিক সামাজিক নিয়মাবলীকে প্রতিফলিত করে না মর্মে স্বীকার করে সে কথা বলেছিল – যা ডিসট্রিক্টে শিক্ষার্থীদের ব্যক্তিত্বকে আরও ভালোভাবে সম্মান করার লক্ষ্যে নীতি সংশোধন করার জন্য সহায়ক দৃষ্টিপথ ছিল, এবং সুস্থতার উপর ফোকাস বজায় রেখেছিল।

সিদ্ধান্ত গ্রহণকারীদের কাছে অ্যাক্সেস থাকা কতটা প্রভাব ফেলতে পারে সেই অভিজ্ঞতা আমাকে তা উপলব্ধি করিয়েছে," Anna বলেছিল। "যখন আপনি দায়িত্বে থাকা ব্যক্তিদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন তখন পরিবর্তনের পক্ষে সমর্থন করা অনেক সহজ।" স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলে যোগদান অঙ্গরাজ্য স্তরে শিক্ষার্থীদের মতামতের প্রতিনিধিত্ব করার উপযুক্ত সুযোগ বলে মনে হয়েছিল।"

সুপারিনটেনডেন্ট Woods নতুন কাউন্সিল সদস্যদের বিষয়ে উৎসাহ প্রকাশ করেন।

এসব তরুণ নেতা জর্জিয়ার ভবিষ্যতের প্রতিনিধিত্ব করে, এবং তাদের মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ আমরা আমাদের অঙ্গরাজ্যে শিক্ষার গতি নির্ধারণ করতে থাকি," বলেন সুপারিনটেনডেন্ট Woods। "আমি তাদের ধারণা, উপলব্ধি এবং দৃষ্টিভঙ্গি শোনার অপেক্ষায় রয়েছি, কারণ আমরা প্রত্যেক শিক্ষার্থীর সফল হওয়ার সুযোগ নিশ্চিত করতে একসাথে কাজ করি।"

Georgia Department of Education কর্তৃক তৈরি স্টেট স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, শিক্ষার্থীদের নীতি প্রণয়নে নিযুক্ত করে থাকে। কাউন্সিল এটা নিশ্চিত করে যে শিক্ষা সংশ্লিষ্ট নীতি অঙ্গরাজ্য জুড়ে বিভিন্ন শিক্ষার্থীকে একত্রিত করে তাদের অভিজ্ঞতার প্রতিফলন ঘটায়। নেতৃত্ব, কমিউনিটি, সেবা এবং একাডেমিক কৃতিত্বের জন্য সদস্যদের নির্বাচিত করা হয়।

কাউন্সিল শিক্ষার্থী এবং অঙ্গরাজ্যের শিক্ষা কর্মকর্তাদের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সংযোগ হিসাবে কাজ করে। সারা বছর ধরে সদস্যরা অঙ্গরাজ্যের নীতির উপর উপলব্ধি ব্যক্ত করে, মূল শিক্ষাগত সমস্যা নিয়ে আলোচনা করে, তাদের স্কুলের প্রতিনিধিত্ব করে এবং জর্জিয়া জুড়ে কমিউনিটি সেবা প্রকল্পে অংশগ্রহণ করে।

DCSD-এর একমাত্র প্রতিনিধি এবং মেট্রো আটলান্টার কয়েকজনের মধ্যে একজন হিসেবে Anna তার প্রতিনিধিত্বের আওতাধীন বিভিন্ন শিক্ষার্থীর বিষয়ে গভীরভাবে সচেতন এবং সেটার বিস্তৃত প্রেক্ষাপট সম্প্রসারণ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

"আমি একজন নারী শিক্ষার্থী এবং ইহুদি, তাই আমি সেসব অভিজ্ঞতা শেয়ার করতে পারি," সে বলেছিল। "তবে আমি স্বীকার করি যে, আমি হিস্পানিক, কালো বা পুরুষ শিক্ষার্থীদের অভিজ্ঞতা সম্পূর্ণরূপে বুঝতে পারি না। এটি আমাকে সক্রিয়ভাবে শোনার এবং আমাদের বৈঠকের সময় তাদের উদ্বেগ সামনে নিয়ে আসার বিষয়ে চ্যালেঞ্জ করে।"

Anna যে সমস্যার সমাধান করার পরিকল্পনা করেছে তার মধ্যে একটি হলো স্কুলে শৃঙ্খলামূলক অসমতা। Georgia Tech-এর একজন দ্বৈত-ভর্তি শিক্ষার্থী হিসেবে সে Atlanta Public Schools-এ স্কুল শৃঙ্খলার বৈষম্যের উপর দৃষ্টি নিবদ্ধ করে একটি পাবলিক পলিসি ক্লাস প্রকল্পের মাধ্যমে এ বিষয়ে গভীরভাবে আলোচনা করেছে। স্কুল বোর্ডের একজন সদস্যের সাথে অংশীদারিত্ব করে সে এই মর্মে পরীক্ষা করেছে যে, কৃষ্ণাঙ্গ শিক্ষার্থীরা তাদের শ্বেতাঙ্গ সমকক্ষদের তুলনায় অসামঞ্জস্যপূর্ণভাবে উচ্চ হারে শৃঙ্খলাবদ্ধ হয়।

"আমি কাউন্সিলের সাথে প্রথমে যা নিয়ে কাজ করতে চাই তা হলো কিভাবে সেসব শৃঙ্খলাজনিত বৈষম্য হ্রাস করে নিশ্চিত করা যায় যে সমস্ত শিক্ষার্থী স্কুলে আছে," Anna বলেন। "এবং স্কুল শৃঙ্খলার ক্ষেত্র থেকে ঝরে পড়ার হারের সমস্যা সমাধান করা যায়।"

অ্যাডভোকেসি প্রচেষ্টার বাইরে Anna তার স্কুল কমিউনিটিতে একজন সক্রিয় নেতা। সে ইহুদি শিক্ষার্থী ইউনিয়নের সভাপতি এবং মক ট্রায়াল দলের সহ-সভাপতি হিসাবে কাজ করে। নাগরিক অধিকার আইনজীবী হওয়ার আকাঙ্ক্ষার প্রেক্ষিতে সে কাউন্সিলে তার ভূমিকাকে বৃহত্তর সামাজিক প্রভাবের দিকে একটি পদক্ষেপ হিসাবে দেখে।

"আমি সমস্ত DeKalb শিক্ষার্থীর প্রতিনিধিত্ব করার জন্য উন্মুখ," সে জানায়। "আমি আমাদের প্রতি ন্যায়বিচার করার এবং ইতিবাচক পরিবর্তন সাধনের বিষয়ে আশাবাদী যা সবার উপকারে আসবে।"